কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৯- ২৭৪ তারিখঃ ২০ -০১-২০২০

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৯-২০ অর্থ বছরের এডিপিতে অর্ন্তভূক্ত প্রকল্প/কর্মসূচী সমূহের উপর গত ০৭-০১-২০২০ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (ডিসেম্বর/২০১৯ পর্যন্ত) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৭-০১-২০২০ তারিখে অনুষ্ঠিত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৯-২০ অর্থ বছরের এডিপিভূক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির (ডিসেম্বর/২০১৯ পর্যন্ত) উপর পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্সংগে প্রেরণ করা হলো।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন জানুয়ারি,২০২০ মাসের এডিপি সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য এবং বিশেষ কোন আলোচ্যসূচীর প্রস্তাব থাকলে আবশ্যিকভাবে আগামী ৩০-০১-২০২০ তারিখের মধ্যে সফট কপি ই-মেইলের মাধ্যমে (e-mail: neenashahnaz@gmail.com) ও হার্ড কপি নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০৩ (তিন) পাতা।

২০/০১/২০২০
(মোহাম্মদ শাহজাহান সবুজ)
সহকারী পরিচালক (পিপি)
ফোনঃ ৯১১৬১৭০।

**কার্যার্থে অনুলিপিঃ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

১। উপ-পরিচালক, (আরইটিসি) কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
২। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর বিভাগ।
৩। কম্পোনেন্ট ডাইরেক্টর, স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ), ঢাকা।
৪। প্রকল্প পরিচালক, বাজার অবকাঠামো, সংরক্ষণ ও পরিবহন সুবিধার মাধ্যমে ফুল বিপণন ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্প, ঢাকা।
৫। কর্মসূচি পরিচালক, অনলাইন প্রাইস মনিটরিং সংক্রান্ত ইলেকট্রনিক্স ডিসপ্লেবোর্ড স্থাপন কর্মসূচি, ঢাকা।
৬। কর্মসূচি পরিচালক, কাঁঠাল প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে কাঁঠালের বহুমুখী ব্যবহার সম্প্রসারণ কর্মসূচি, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

০১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
(দৃঃআঃ যুগ্ম প্রধান, কৃষি মন্ত্রণালয়)।
০২। সিস্টেম এ্যাডমিন (আইসিটি সেল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)
০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

**বিষয়ঃ ২০১৯-২০ অর্থ বছরের এডিপিভুক্ত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচীসমূহের উপর গত ০৭-০১-২০২০ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (ডিসেম্বর/২০১৯ পর্যন্ত) সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোহাম্মদ ইউসুফ মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর। |
| স্থান | : | সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা। |
| সময় | : | দুপুর ১২.০০ ঘটিকা। |
| তারিখ | : | ০৭ জানুয়ারী, ২০২০ খ্রিঃ। |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | : | পরিশিষ্ট-'ক' । |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান এবং তিনি কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচীসমূহের নভেম্বর ২০১৯ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি সভার কার্যপত্র অনুযায়ী পর্যায়ক্রমে উপস্থাপনের জন্য উপ-পরিচালক (পিপি) কে অনুরোধ জানান।

**১। আলোচ্য বিষয়-১.** গত ১১/১২/২০১৯ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

গত ১১/১২/২০১৯ তারিখে নভেম্বর, ২০১৯ পর্যন্ত সময়ের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয় এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা মহাপরিচালকের অনুমোদনক্রমে নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১.১ | ১১/১২/২০১৯ তারিখের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো। | উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা) |

**২। আলোচ্য বিষয়-২.১:** কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন এডিপিভুক্ত প্রকল্প ও রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির তথ্য উপস্থাপন কালে ২০১৯-২০ অর্থ বছরের বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প এবং কর্মসূচি'র কার্যক্রম বিগত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০১৯-২০ অর্থ বছরে বাস্তবায়নাধীন ০২টি বিনিয়োগ প্রকল্পের অনুমোদিত ডিপিপি মোতাবেক এডিপি'র বরাদ্দ অনুযায়ী মোট ৫৮৩৬.০০ লক্ষ টাকা এবং ০২টি কর্মসূচির অনুমোদিত পিপিএনবি মোতাবেক মোট ১৩১.৫০ লক্ষ টাকার বরাদ্দ ছিল। ০২টি বিনিয়োগ প্রকল্পের আওতায় ৪৪০২.৫০ লক্ষ (৭৫.৪৪%) টাকা ছাড় করা হলে ডিসেম্বর,১৯ পর্যন্ত ৬৩৬.৯০ লক্ষ (১০.৯১%) টাকা ব্যয় করা হয়। এছাড়া কর্মসূচিসমূহের ৬৫.৭৫ লক্ষ (৫০%) টাকা ছাড় করা হলে ডিসেম্বর, ১৯ পর্যন্ত ১৩.৭৫ লক্ষ (১০.৪৫%) লক্ষ টাকা ব্যয় করা হয়। প্রকল্প ও কর্মসূচির অগ্রগতি আশানুরূপ না হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। ২০১৯-২০ অর্থ বছরে এডিপি বাস্তবায়নের হার অর্থ ছাড় অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি গতিশীল করার লক্ষ্যে প্রকল্প পরিচালক ও কর্মসূচি পরিচালকদের নির্দেশনা প্রদান করেন। সভাপতির অনুমোদনক্রমে উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা) সভায় উল্লেখ করেন যে, "কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ" শীর্ষক প্রকল্পের ০৬টি জেলার জমি অধিগ্রহণ করার জন্য ইতোমধ্যে সচিব, কৃষি মন্ত্রণালয় বরাবর পত্র দেয়া হয়েছে। এছাড়া প্রকল্পের বর্ণিত কার্যক্রম পরিচালনা করার জন্য কৃষি মন্ত্রণালয়ের থোক বরাদ্দ হতে ১৫০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদানের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। যেহেতু কৃষি বিপণন অধিদপ্তর পুনর্গঠিত হওয়ার প্রেক্ষিতে অবকাঠামো, লজিস্টিক এবং মানব সম্পদ উন্নয়নের মাধ্যমে কৃষকদের উপযুক্ত মূল্য প্রাপ্তিতে সহায়তার নিমিত্ত "কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ " শীর্ষক প্রকল্পটি গ্রহণ করা হয়েছে সেহেতু এই প্রকল্পটি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য সবার সহয়োগীতা কমানা করেন।

২.২ বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আলোচনাকালে স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) শীর্ষক প্রকল্পের ২০১৯-২০ অর্থ বছরের কর্মপরিকল্পনা মোতাবেক মাঠ পর্যায়ের যাবতীয় প্রশিক্ষণ দ্রুত শুরু করার জন্য সভাপতি নির্দেশনা দেন। এছাড়া বিভিন্ন প্রতিষ্ঠানের মাধ্যমে আয়োজিত মাঠ পর্যায়ের প্রশিক্ষণ সঠিকভাবে মনিটরিং করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক, উপ-জেলা নিবার্হী কর্মকর্তা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও কৃষি বিপণন অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাদের পত্র দেয়ার জন্য সভাপতি নির্দেশনা দেন। একই সাথে প্রশিক্ষণ গুলো মনিটরিং প্রর্তিবেদন একই রূপ হওয়ার জন্য প্রকল্প হতে একটি ছক তৈরী ও সরকারী ছুটির দিন গুলোতে প্রশিক্ষণ আয়োজন ও মনিটরিং করার জন্য সভাপতি নির্দেশনা দেন। ম্যাচিং গ্রান্ট ৩য় ও ৪র্থ বছরে বাস্তবায়ন করা হলেও এর নীতিমালা প্রনয়ণ করতে সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন। ২০১৯-২০ অর্থ বছরের আরএডিপির বরাদ্দ অনুযায়ী প্রকল্পের যাবতীয় কার্যক্রম সঠিক সময়ে শতভাগ সম্পাদন করতে এবং বর্ষিক কর্ম সম্পাদন চুক্তি, ২০১৯ এর নিধারিত সূচকের আলোকে শতভাগ বাস্তবায়নসহ প্রমাণকগুলোর সফট কপি অধিদপ্তরের নীতি ও পরিকল্পনা শাখায় আবশ্যিকভাবে প্রেরন করার জন্য সভাপতি নির্দেশনা দেন।

২.৩ কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "বাজার অবকাঠামো, সংরক্ষণ ও পরিবহন সুবিধার মাধ্যমে ফুল বিপণন ব্যবস্থা শক্তিশালীকরণ " শীর্ষক প্রকল্পের আওতায় ঢাকা বিভাগীয় কার্যালয় উর্ধ্বমূখী সম্প্রসারণের লক্ষ্যে অনুমোদিত স্থাপত্য নকশা ও ব্যয় প্রাক্কলন অনুযায়ী নির্মাণ কার্যক্রম শুরূ করার জন্য সভাপতি পুনরায় নির্দেশনা দেন। প্রকল্পের স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভার সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম অন্তর্ভূক্ত করে আরডিপিপি প্রণয়ন এবং আরডিপিপিতে প্রস্তাবিত অবকাঠামোর নকশা ও ব্যয় প্রাক্কলন পিডাব্লিউডি এবং স্থাপত্য অধিদপ্তর হতে সংগ্রহ পূর্বক আরডিপিপিতে সংযুক্ত করার কার্যক্রম গ্রহণ করতে সভাপতি নির্দেশনা দেন। ২০১৯-২০ অর্থ বছরের আরএডিপির বরাদ্দ অনুযায়ী প্রকল্পের যাবতীয় কার্যক্রম সঠিক সময়ে শতভাগ সম্পাদন করতে এবং বর্ষিক কর্ম সম্পাদন চুক্তি, ২০১৯ এর নিধারিত সূচকের আলোকে শতভাগ বাস্তবায়নসহ প্রমাণকগুলোর সফট কপি অধিদপ্তরের নীতি ও পরিকল্পনা শাখায় প্রেরন করার জন্য সভাপতি নির্দেশনা দেন। এছাড়া সেন্টাল মার্কেটের পাশে প্রস্তাবিত অবকাঠামোর জায়গা দখলমুক্ত করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে সভাপতি নির্দেশনা দেন।

২.৪ কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ" শীর্ষক প্রকল্পের আওতায় ২০১৯-২০ অর্থ বছরের ক্রয় ও কর্মপরিকল্পনা প্রেরণসহ প্রকল্পের জনবল নিয়োগের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে সভাপতি নির্দেশনা দেন। এছাড়া ২০১৯-২০ অর্থ বছরের আরএডিপির বরাদ্দ অনুযায়ী প্রকল্পের যাবতীয় কার্যক্রম সঠিক সময়ে শতভাগ সম্পাদন করতে সভাপতি নির্দেশনা দেন।

২.৫: অনলাইন প্রাইস মনিটরিং সংক্রান্ত ইলেক্ট্রনিক্স ডিসপ্লেবোর্ড স্থাপন শীর্ষক কর্মসূচির আওতায় ২০১৯-২০ অর্থ বছরে নির্ধারিত ১০ টি ডিজিটাল ডিসপ্লেবোর্ডে সংগ্রহ এবং পুর্বের স্থাপিত বোর্ডগুলো সচল রাখার জন্য প্রয়োজনীয় মনিটরিং করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া কর্মসূচির আওতায় জেলা ভিত্তিক বাজারদর এন্টির জন্য সফটওয়ার তৈরীর কার্যক্রম দ্রুত গ্রহন করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া চলমান কর্মসূচির আওতায় ইলেক্টনিক্স ডিসপ্লেবোর্ড এর বিদ্যুৎ বিল ও ইন্টারনোট বিল পরিশোধ করার নিমিত্ত জেলা পর্যায়ে বাজেট দেয়ার জন্য মহাপরিচালক বরাবর পত্র প্রদানের জন্য পুনরায় কর্মসূচি পরিচালককে নির্দেশনা প্রদান করেন।

২.৬: কাঁঠাল প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে কাঁঠালের বহুমুখী ব্যবহার সম্প্রসারণ শীর্ষক কর্মসূচি এর মাধ্যমে কাঁঠাল ডিহাইড্রেশন প্লান্ট স্থাপন করার নিমিত্ত আগামী জানুয়ারী,২০২০ এর মধ্যে দরপত্রের কার্যাদেশ প্রদান ও চুক্তি সম্পাদনের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। প্রতিমাসে ০১টি করে মাঠ পর্যায়ের প্রশিক্ষণের আয়োজন করতে সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন।

৩. দরপত্র অগ্রগতি বিষয়ে আলোচনা ও বিবিধঃ ২০১৯-২০ অর্থ বছরে বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচির সকল দরপত্র আহবানের কাজ জানুয়ারী,২০২০ সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে এবং ইতোমধ্যে আহবানকৃত সকল দরপত্রের যথাযথ মূল্যায়ন পূর্বক কার্যাদেশ প্রদান এবং তদানুযায়ী পণ্য বুঝে নেবার বিষয়টি নিশ্চিত করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

৪. বিবিধঃ জাতীয় নীতি/পরিকল্পনার সাথে সংশ্লিষ্টতা ('ডেল্টা প্ল্যান-২১০০', টেকসই উন্নয়ন অভীষ্ট, 'পঞ্চবার্ষিক পরিকল্পনা', 'জাতীয় কৃষি নীতি-২০১৮ এবং 'সরকারের নির্বাচনী ইশতেহার-২০১৮' ইত্যাদি এর সাথে সংশ্লিষ্টতা) থাকা সাপেক্ষে সকল বিভাগীয় কার্যালয় হতে প্রকল্প ও কর্মসূচি'র প্রস্তাব আগামী ফেব্রয়ারী,২০২০ এর মধ্যে অধিদপ্তরের নীতি ও পরিকল্পনা শাখায় প্রেরন করার জন্য সভাপতি নির্দেশনা দেন।

**৫: সভার সিদ্ধান্তসমূহঃ**

সভায় কৃষি বিপণন অধিদপ্তরের উন্নয়ন পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়নের কৌশল নির্ধারণ, উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে গতিশীলতা আনায়ন এবং প্রকল্প ও কর্মসূচি সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | গৃহীত সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৫.১ | (ক) প্রকল্পের ২০১৯-২০ অর্থ বছরের কর্মপরিকল্পনা মোতাবেক মাঠ পর্যায়ের যাবতীয় প্রশিক্ষণ দ্রুত শুরু করতে হবে এবং বিভিন্ন প্রতিষ্ঠানের মাধ্যমে আয়োজিত মাঠ পর্যায়ের প্রশিক্ষণ সঠিকভাবে মনিটরিং করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক, উপ-জেলা নিবার্হী কর্মকর্তা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও কৃষি বিপণন অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাদের পত্র দিতে হবে।<br>(খ) প্রশিক্ষণ গুলো মনিটরিং প্রতিবেদন একই রূপ হওয়ার জন্য প্রকল্প হতে একটি ছক তৈরী ও সরকারী ছুটির দিন গুলোতে প্রশিক্ষণ আয়োজন ও মনিটরিং করতে হবে।<br>(গ) ম্যাচিং গ্রান্ট ৩য় ও ৪র্থ বছরে বাস্তবায়ন করা হলেও এর নীতিমালা দ্রুত প্রণয়ন করতে হবে।<br>(ঘ) ২০১৯-২০ অর্থ বছরের আরএডিপির বরাদ্দ অনুযায়ী প্রকল্পের যাবতীয় কার্যক্রম সঠিক সময়ে শতভাগ সম্পাদন করতে হবে।<br>(ঙ) বর্ষিক কর্ম সম্পাদন চুক্তি, ২০১৯ এর নিধারিত সূচকের আলোকে শতভাগ বাস্তবায়নসহ প্রমানকগুলোর হার্ড ও সফট কপি অধিদপ্তরের নীতি ও পরিকল্পনা শাখায় আবশ্যিক ভাবে প্রেরন করতে হবে। | কম্পোনেন্ট ডাইরেক্টর স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ) |
| ৫.২ | (ক) প্রকল্পের আওতায় ঢাকা বিভাগীয় কার্যালয় উর্ধ্বমূখী সম্প্রসারণের লক্ষ্যে স্থাপত্য নকশা ও ব্যয় প্রাক্কলন অনুযায়ী নির্মাণ কার্যক্রম শুরূ করতে হবে।<br>(খ) প্রকল্পের স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভার সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম অন্তর্ভূক্ত করে আরডিপিপি প্রনয়ণ এবং আরডিপিপিতে প্রস্তাবিত অবকাঠামোর নকশা ও ব্যয় প্রাক্কলন পিডাব্লিউডি এবং স্থাপত্য অধিদপ্তর হতে সংগ্রহ পূর্বক আরডিপিপিতে সংযুক্ত করতে হবে।<br>(গ) বর্ষিক কর্ম সম্পাদন চুক্তি, ২০১৯ এর নিধারিত সূচকের আলোকে শতভাগ বাস্তবায়নসহ প্রমানগুলোর হার্ড ও সফট কপি অধিদপ্তরের নীতি ও পরিকল্পনা শাখায় প্রেরন করতে হবে।<br>(ঘ) সেন্টাল মার্কেটের সঙ্গে প্রস্তাবিত অবকাঠামোর জায়গা দখলমুক্ত করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক বাজার অবকাঠামো, সংরক্ষণ ও পরিবহন সুবিধার মাধ্যমে ফুল বিপণন ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্প |

| ক্রঃ নং | গৃহীত সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৫.৩ | (ক) ২০১৯-২০ অর্থ বছরের ক্রয় ও কর্মপরিকল্পনা প্রেরণসহ প্রকল্পের জনবল নিয়োগের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>(খ) ২০১৯-২০ অর্থ বছরের আরএডিপির বরাদ্দ অনুযায়ী প্রকল্পের যাবতীয় কার্যক্রম সঠিক সময়ে শতভাগ সম্পাদন করতে হবে। | প্রকল্প পরিচালক<br>কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ শীর্ষক প্রকল্প। |
| ৫.৪ | (ক) ২০১৯-২০ অর্থ বছরে নির্ধারিত ১০ টি ডিজিটাল ডিসপ্লেবোর্ডে সংগ্রহ এবং পূর্বের স্থাপিত বোর্ডগুলো সচল রাখার জন্য প্রয়োজনীয় মনিটরিং করতে হবে।<br>(খ) চলমান কর্মসূচির আওতায় ইলেক্টনিক্স ডিসপ্লেবোর্ড এর বিদ্যুৎ বিল ও ইন্টারনেট বিল পরিশোধ করার নিমিত্ত জেলা পর্যায়ে বাজেট দেয়ার জন্য মহাপরিচালক বরাবর পত্র দিতে হবে।<br>(গ) জেলা ভিত্তিক বাজারদর প্রকাশের সফটওয়ার তৈরীর কার্যক্রম দ্রুত গ্রহন করতে হবে। | কর্মসূচী পরিচালক<br>অনলাইন প্রাইস মনিটরিং সংক্রান্ত ইলেক্টনিক্স ডিসপ্লেবোর্ড স্থাপন শীর্ষক কর্মসূচি। |
| ৫.৫ | (ক) কাঁঠাল ডিহাইড্রেশন প্লান্ট স্থাপন করার নিমিত্ত আগামী জানুয়ারী,২০২০ এর মধ্যে দরপত্রের কার্যাদেশ প্রদান ও চুক্তি সম্পাদন করতে হবে।<br>(খ) প্রতিমাসে ০১টি করে মাঠ পর্যায়ের প্রশিক্ষণের আয়োজন করতে করতে হবে। | কর্মসূচী পরিচালক<br>কাঁঠাল প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে কাঁঠালের বহুমুখী ব্যবহার সম্প্রসারণ শীর্ষক কর্মসূচি। |
| ৫.৬ | প্রকল্প/কর্মসূচির সকল দরপত্র আহবানের কাজ জানুয়ারী,২০২০ সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে এবং ইতোমধ্যে আহবানকৃত সকল দরপত্রের কার্যাদেশ অনুযায়ী পণ্য বুঝে নেবার বিষয়টি নিশ্চিত করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। |
| ৫.৭ | জাতীয় নীতি/পরিকল্পনার সাথে সংশ্লিষ্টতা ('ডেল্টা প্ল্যান-২১০০', টেকসই উন্নয়ন অভীষ্ট, 'পঞ্চবার্ষিক পরিকল্পনা', 'জাতীয় কৃষি নীতি-২০১৮ এবং 'সরকারের নির্বাচনী ইশতেহার-২০১৮' ইত্যাদি এর সাথে সংশ্লিষ্টতা) থাকা সাপেক্ষে সকল বিভাগীয় কার্যালয় হতে প্রকল্প ও কর্মসূচি'র প্রস্তাব আগামী ফেব্রয়ারী,২০২০ এর মধ্যে অধিদপ্তরের নীতি ও পরিকল্পনা শাখায় প্রেরণ করতে হবে। | সকল বিভাগীয় উপ-পরিচালক |

৬। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০.১২.২০২৩

(মোহাম্মদ ইউসুফ)
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর